

## ঢাকা বিশ্ববিদ্যালয়

### পুনঃবিজ্ঞপ্তি


বিষয় : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে পরিচালিত ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রকল্প প্রস্তাব আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, অত্র বিশ্ববিদ্যালয়ের যে সকল শিক্ষক গবেষণা কাজ করতে আগ্রহী তাঁদেরকে শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত গাইডলাইন ও প্রোফর্মা অনুযায়ী ০৩ (তিন) কপি প্রকল্প প্রস্তাবের হার্ডকপি এবং প্রকল্প পরিচালকের নাম ও প্রকল্পের শিরোনামের সফট কপি (Ms Word File) ই-মেইলে (reg.admin3@du.ac.bd) আগামী ৩১-১০-২০২১ তারিখের মধ্যে স্ব স্ব বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের মাধ্যমে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

প্রকল্পের মেয়াদ সর্বোচ্চ ০১(এক) বছর এবং বাজেটের অর্থ ০২(দুই) লক্ষ থেকে ০৫(পাঁচ) লক্ষ টাকা মাত্র-এর মধ্যে হতে হবে। যে সকল শিক্ষক ইতোপূর্বে গবেষণা মঞ্জুরী পেয়েছেন কিন্তু অদ্যাবধি চূড়ান্ত রিপোর্ট জমা দেন নাই, তাঁদের আবেদন বিবেচনা করা হবে না।

গবেষণা প্রকল্প প্রস্তাবের নির্ধারিত গাইডলাইন ও প্রোফর্মা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং বিভাগ ও ইনস্টিটিউটের ই-মেইলে পাওয়া যাবে।

প্রশাসনিক ভবন  
রেজিস্ট্রারের অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়

  
প্রবীর কুমার সরকার  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ঢাকা বিশ্ববিদ্যালয়


স্মারক নং-রেজি/প্রশা-৩/১৯৬০২-সি

তারিখ: ২০/৬/১৪২৮ বঙ্গাব্দ  
০৫/১০/২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ৪। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢা.বি.
- ৫। জনাব মো. রিফাত আমিন, কম্পিউটার অপারেটর, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় (ই-মেইলে বিজ্ঞপ্তির কপি এবং নির্ধারিত গাইডলাইন ও প্রোফর্মা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন)।

বিভাগ/ইনস্টিটিউট-এর সকল শিক্ষকবৃন্দকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

  
(সৈয়দা মাসুদা আক্তার)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ফোনঃ ৯৬৬১৯০০-৫৯/৪০২১